

Integration of DigiLocker platform with Passport Services

February 19, 2021

ডিজিটাল প্ল্যাটফর্মে পাসপোর্ট পরিষেবার অন্তর্ভুক্তি

ফেব্রুয়ারী 19, 2021

1. ভারতে পাসপোর্ট পরিষেবা সরবরাহের ক্ষেত্রে পাসপোর্ট সেবা প্রোগ্রাম গত 6 বছরে বিশাল আকারে ডিজিটাল পরিবর্তন এনেছে।
2. পররাষ্ট্র প্রতিমন্ত্রী শ্রী ভি. মুরলীধরন আজ একটি নতুন প্রকল্প চালু করেছেন যার মাধ্যমে কোনও আবেদনকারী ভারতের যে কোনও জায়গা থেকে পাসপোর্ট সম্পর্কিত পরিষেবা লাভের জন্য ভারত সরকারের ডিজি-লকার প্ল্যাটফর্মের সাহায্য নিতে পারেন। এই নতুন স্কিম চালু হওয়ায়, পাসপোর্ট পরিষেবার জন্য আবেদনকারীরা ডিজি-লকারে আপলোড করা তাদের নির্দিষ্ট নথির লিঙ্ক সরবরাহ করতে পারবেন। এর ফলে ভারতীয় নাগরিক কাগজ ব্যবহার বিনা ডিজি-লকারের সাহায্যে পাসপোর্ট পরিষেবার জন্য প্রয়োজনীয় বিভিন্ন নথি জমা দিতে সক্ষম হবেন। মূল দলিল সাথে রাখার প্রয়োজন নেই। ভারতীয় সমাজ ও জ্ঞানভিত্তিক অর্থনীতিকে ডিজিটাল সক্ষমতা দেওয়ার লক্ষ্যে ডিজিটাল ইন্ডিয়ায় অধীনে ডিজি-লকার একটি প্রধান কর্মসূচি। ডিজি-লকার একটি ক্লাউড ভিত্তিক ব্যক্তিগত পরিসর যেখানে নাগরিকদের সমস্ত ব্যক্তিগত নথি / শংসাপত্র শেয়ার এবং প্রয়োজনে ক্লাউড থেকে উপলব্ধ করার জন্য ব্যক্তিগত স্থান সরবরাহ করা হয়। কাগজবিহীন প্রশাসনের লক্ষ্যে, ডিজিটাল পদ্ধতিতে নথি / শংসাপত্র জারি এবং যাচাইকরণের জন্য ডিজি-লকার একটি প্ল্যাটফর্ম, যার ফলে মূল নথির ব্যবহার বাদ দেওয়া সম্ভব। এছাড়াও, একবার ডিজি লকারে পাসপোর্ট আপলোড করা হলে, যে কোনও অবস্থান থেকে অনুমোদিত ব্যবহারকারী বিশদ তথ্য সহজেই অ্যাক্সেস করতে পারবেন, যা পাসপোর্ট নষ্ট হওয়ার ক্ষেত্রে বিশেষভাবে সাহায্য করবে।
3. গত 6 বছরে পাসপোর্ট সম্পর্কিত পরিষেবাগুলি অনেক উন্নত হয়েছে। মন্ত্রক ইতিমধ্যে নাগরিকদের জন্য ই-পাসপোর্ট চালু করার পরিকল্পনা করেছে, যার ফলে বিদেশী বিমানবন্দরে সুরক্ষা বৃদ্ধি পাবে এবং অভিবাসন প্রক্রিয়ার উন্নতি করবে। আসন্ন পাসপোর্ট সেবা প্রোগ্রাম V2.0, কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই), মেশিন লার্নিং, চ্যাট-বট, অ্যানালিটিক্স, রোবোটিক প্রসেস অটোমেশন (আরপিএ) ইত্যাদি উদীয়মান প্রযুক্তি ব্যবহারে নাগরিকের অভিজ্ঞতা এবং তাৎক্ষণিক পরিষেবা সরবরাহ আরও সহজ করে তুলবে।

নিউ দিল্লি

ফেব্রুয়ারী 19, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.